

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৪১১.৩২.০০৭২.১৬.৩৫

তারিখ: ৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) 'র আওতাধীন প্রশিক্ষণ কেন্দ্র ও কর্মসূচি'কে ডি-নথি ব্যবস্থাপনায়
অন্তর্ভুক্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি সদরদপ্তর এবং এর আওতাধীন জেলাদপ্তর, উপজেলাদপ্তর সমূহ এবং দুইটি প্রকল্প/কর্মসূচি ডি-নথি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত থেকে কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে ডি-নথিকে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মসহ অন্যান্য বিভিন্ন সিস্টেমের এক্সেস পয়েন্ট রাখায় বিআরডিবি'র সকল শাখা/বিভাগ/অনুবিভাগ/প্রকল্প/কর্মসূচি/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে ডি-নথি ব্যবস্থাপনায় অন্তর্ভুক্ত করা জরুরী।

২। বিআরডিবি'র “নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র”, “মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, টাঙ্গাইল” শিরোনামের দুইটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং “উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি” শিরোনামের কর্মসূচিকে ডি-নথি ব্যবস্থাপনায় বিআরডিবি'র অর্গানোগ্রামে শাখা হিসেবে লাইভে প্রদানের বিষয়ে এটুআই-এর বিআরডিবি ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে টেলিফোনিক আলোচনা হয়েছে। এ প্রেক্ষিতে প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ও কর্মসূচি'র অর্গানোগ্রাম এবং সংশ্লিষ্ট তথ্য এটুআই-এ প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে কোন শাখা/বিভাগ/অনুবিভাগ/প্রকল্প/কর্মসূচি/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ ডি-নথি ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার প্রয়োজন হলে এটুআই সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা হবে অফিস লাইভে প্রদানের কার্যক্রমটি দ্রুততম সময়ে বাস্তবায়নের জন্য।


৩। বর্ণিতাবস্থার প্রেক্ষিতে, উল্লিখিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ ও কর্মসূচি-কে ডি-নথি ব্যবস্থাপনায় বিআরডিবি'র অর্গানোগ্রামে শাখা হিসেবে লাইভে প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

- ১। প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অর্গানোগ্রাম (পিডিএফ)
- ২। প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অর্গানোগ্রাম (ওয়ার্ড)।

সংযুক্তিসমূহঃ

- (১) প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অর্গানোগ্রাম (পিডিএফ)
- (২) প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অর্গানোগ্রাম (ওয়ার্ড)



২০-০৪-২০২৬

নাজনীন খানম

উপপরিচালক

ফোন : +৮৮০২৪১০১০৩৩৪

ফ্যাক্স : +৮৮০২৪১০১০৩২১

ইমেইল : ddprog@brdb.gov.bd

সিনিয়র কনসালটেন্ট (উপসচিব), নথি, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

জুনিয়র কনসালটেন্ট, নথি, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।

